

# যুগান্তর

প্রিন্ট: ১২ এপ্রিল ২০২৬, ০৯:৩৭ এএম

শিক্ষাঙ্গন

## ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ পাশ

Advertisement



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১০ এপ্রিল ২০২৬, ০৪:৪৪ পিএম



ফাইল ছবি

‘ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি অধ্যাদেশ ২০২৬’ জাতীয় সংসদে সর্বসম্মতিক্রমে পাশ হয়েছে। সংসদে উপস্থিত সংসদ সদস্যরা বিল পাশে ‘হ্যাঁ’ ভোট দিয়েছেন।

শুক্রবার (১০ এপ্রিল) বিকাল সাড়ে ৩টায় বিল পাশ সংক্রান্ত প্রস্তাব সংসদে উত্থাপন করেন শিক্ষামন্ত্রী ড. আনম এহছানুল হক মিলন।

এরপর জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল বিলটি সংসদ সদস্যদের ভোটের জন্য দেন। এসময় সংসদ সদস্যরা ‘হ্যাঁ’ বলে বিলের পক্ষে সম্মতি দেন।

অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত রাজধানীর সাত সরকারি কলেজের শিক্ষার্থীরা স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় গঠনের দাবিতে আন্দোলনে নামেন। পরে সরকার এই সাত কলেজ নিয়ে ঢাকা সেন্ট্রাল ইউনিভার্সিটি গঠনের ঘোষণা দেয় এবং অধ্যাদেশ জারি করে। আজ সেই অধ্যাদেশ সংসদে পাশ হলো।